# Times Today BD

ইমরান হোসেন রাজ | দেশজুড়ে | 01 July, 2025

যশোরের সদর উপজেলার সার্কিট হাউস পাড়ায় ইকবাল মঞ্জিলের একটি আটতলা নির্মাণাধীন ভবনের  রেলিং ভেঙে পড়ে দুই প্রকৌশলীসহ তিনজন নিহত হয়েছেন। মঙ্গলবার (১ জুলাই) আনুমানিক দুপুর ১২টায় এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন দিনাজপুরের প্রকৌশলী আজিজুর রহমান (৩৫),  কুষ্টিয়ার মিজানুর রহমান মিজান (৪০), ও চাঁপাইনবাবগঞ্জের নুরু (৪৫), যিনি সাব-কন্ট্রাক্টরের কাজ করতেন।

যশোর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মো. শাকিরুল ইসলাম জানান, নিহতদের মাথায় অতিরিক্ত রক্তক্ষরণের কারণে মৃত্যু হয়েছে।

ভবনে কাজ করা ইলেকট্রিক মিস্ত্রি মুজিবুর রহমান জানান, সকাল ১১টার দিকে ভবনটির পঞ্চম তলার সানসেট ভেঙে গেলে এই তিনজন নিচে পড়ে যান।

বিল্ডিং ফর ফিউচার লিমিটেডের ম্যানেজার বাবলু রহমান জানান, এই বিল্ডিংয়ের নির্মাণ কাজ ২০১০ সাল থেকে শুরু হয়েছিল।নিহতের মধ্যে দুইজন প্রকৌশলী ও একজন সাব কন্টাক্টর হয়েছেন। কিভাবে দুর্ঘটনা ঘটলো সেটি খতিয়ে দেখা হচ্ছে।

এবিষয়ে কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল হাসনাত জানিয়েছেন,  সকাল আনুমানিক সাড়ে ১১টার দিকে নির্মানাধীন একটি বিল্ডিংয়ের সানসেট ভেঙ্গে ৩ জন নিহত হয়েছেন। ঘটনাস্থলে পুলিশ টিম রয়েছে।বিষয়টি তদন্ত করা হচ্ছে।

নিহত দুর্ঘটনা যশোর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:44

URL: https://timestodaybd.com/public/across-the-country/4030371488